দৈনিক আমাদের সময়

তারিখ ..12.DEC.2016......
পৃষ্ঠা ...৪... কলাম.... ২......

■ পরীক্ষা দিতে পারল না ৪০ হাজার খুদে শিক্ষার্থী

# এমন অবহেলার ক্ষমা নেই

শিক্ষা খাতে অব্যবস্থাপনা কোনোক্রমেই বন্ধ হচ্ছে না। প্রশ্নপত্র তৈরি না হওয়ায় নীলফামারী সদরে প্রাথমিক বিদ্যালয়ের ৪০ হাজার খুদে শিক্ষার্থী বার্ষিক পরীক্ষার প্রথম দিনের পরীক্ষা দিতে পারেনি। কোমলমতি শিশুদের শিক্ষাজীবন নিয়ে এই ধরনের অবহেলা ক্ষমার অযোগ্য অপরাধ। এটি শিক্ষা খাতের জন্য অশনিসংকেত।

আমাদের সময় সংবাদসূত্রে জানা গেছে, গত শনিবার সারা দেশে প্রথম থেকে চতুর্থ শ্রেণির বার্ষিক পরীক্ষা শুরু হয়। এ পরীক্ষার জন্য শুক্রবার সকাল থেকে উপজেলা শিক্ষা অফিসে প্রশ্নপত্র আনতে যান নীলফামারী সদর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা। কিন্তু উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রশ্নপত্র সরবরাহ করতে কালক্ষেপণ করতে থাকেন। বিকাল পর্যন্ত প্রশ্ন দিতে না পারায় প্রাথমিক বিদ্যালয়ের ৪০ হাজার শিক্ষার্থী বার্ষিক পরীক্ষার প্রথম দিনের পরীক্ষা দিতে পারেনি। উপজেলা শিক্ষা কর্মকর্তা শিক্ষকদের জানান, শনিবারের পরীক্ষা সব শেষে গ্রহণ করা হবে। কিন্তু প্রশ্ন হচ্ছে, এ পরীক্ষার তারিখ আগে নির্ধারণ করার পরও কেন প্রশ্নপত্র প্রস্তুত হলো না?

এ ক্ষেত্রে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে দায়িত্বে অবহেলার অভিযোগও উঠেছে। তাই প্রায় ৪০ হাজার শিক্ষার্থীর পরীক্ষা না হওয়ার দায়দায়িত্ব উপজেলা শিক্ষা কর্মকর্তার ওপরই বর্তায়। এ ঘটনার জন্য দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা না নিলে দায়িত্বে অবহেলা আরও বৃদ্ধি পাবে। এ ধরনের অব্যবস্থাপনা ও শিক্ষা অফিসের হ-য-ব-র-ল অবস্থা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। এ ঘটনার সঠিক তদন্ত করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। তবেই এমন ঘটনার পুনরাবৃত্তি রোধ করা যাবে।